বাংলার পুরাতত্ত্ব গবেষণাকেন্দ্র
কলকাতা পশ্চিমবঙ্গ ভারত

Itihas O Sahityo Probondhomala - 4 (Part II)

A Collection of Peer Reviewed Research Articles

Collection of Research Articles presented at the
5th International Conference of Banglar Puratattva Gabeshana Kendra
held at Indian Council For Cultural Relations, Kolkata
on 1st September, 2019

ISBN : 978-81-947292-9-7

© বাংলার পুরাতত্ত্ব গবেষণাকেন্দ্র

প্রথম প্রকাশ
কলকাতা, ২৩শে মাঘ, ১৪২৭ (৬ই ফেব্রুয়ারী, ২০২১)

প্রকাশক
বাংলার পুরাতত্ত্ব প্রকাশনা
১১৭, খান মহম্মদ রোড, দক্ষিণ বেহালা
কলকাতা - ৭০০০৬১

বর্ণসংস্থাপন
পানীন্দ্র সাধুখাঁ
মো : ৭৯৮০১৫৫৭৫০ / ৯৪৩৩৬০৭০১৩

মুদ্রণ
এস. জে. প্রিন্টিং ওয়ার্কস
৩৬, পটলডাঙ্গা স্ট্রিট, কলকাতা - ৭০০ ০০৯

মূল্য
৪৫০/-টাকা মাত্র

সূচীপত্র

- उपनिषत्सु पर्यावरणस्य समालोचनम्
  शारदापण्डा — ৩
- প্রসঙ্গ রথ : সাহিত্যে ও জনজীবনে
  শম্পা লাহা — ৭
- রাঢ়ের কবিগান : উদ্ভবের নেপথ্য কথা
  ড. সুবীর ঘোষ — ১৩
- শরদিন্দুর দ্বৈত সত্তা ব্যোমকেশ ও বরদা
  সৈকত হালদার — ১৮
- আবহমানকালের বাংলা কবিতায় যৌনতা : নির্বাচিত মহিলা কবিদের স্বতন্ত্র শিল্পরূপ
  ড. দেবব্রত গায়েন — ২৪
- केवलाद्वैतविशिष्टाद्वैताचिन्त्यभेदाभेददर्शनदृष्ट्या श्रीमद्भगवद्गीतायां पुनर्जन्मविमर्शः –एकमध्ययनम
  सन्दीप चर्टर्जी — ৩০
- অদ্বৈত মল্লবর্মণের তিনটি ছোটগল্প : মানবিক সম্পর্কের গঠনভাবনায় শিল্পচেতনা
  সুচন্দ্রা রায় — ৩৬
- শিলাইদহ পর্ব : রবীন্দ্রকাব্য কবিতা
  হুমায়ুন কবির — ৪১
- पुराणाश्रितमाधुनिकं साहित्यं तस्य प्रासङ्गिकता च
  अभिजित् राय: — ৪৯
- রবীন্দ্রভাবনায় শ্রীমদ্ভগবদ্গীতার প্রভাব ও স্থান
  অর্পিতা দে — ৫২
- গরুড় পুরাণে আয়ুর্বেদীয় সর্পবিষ চিকিৎসা ও তার প্রাসঙ্গিকতা
  অভিজিৎ মণ্ডল — ৫৮
- Dancing to the End of Love: Tracing the Evolution of Gay Nightclubs in Literature
  Alokabho Pal — ৬২
- বীরভূমের টেরাকোটা মন্দির ও সাহিত্যকলা
  শিব শঙ্কর পাল — ৬৭
- বৈদিক সাহিত্যে বর্ণিত স্বপ্ন-বৃত্তান্ত বিমর্শ
  পাপিয়া বেরা — ৭২
- Taking a Second Look : Re-Mything Draupadi
  Ankita Mookherjee — ৭৮
- Jhalkaribai : a Reconstruction of History in Dalit Literature and Politics.
  Arnab Mukherjee — ৮৩
- 'অভিজ্ঞানশকুন্তলম্' নাটকে প্রতিফলিত নীতিশিক্ষা
  মল্লিকা সেন — ৮৭

- বেদের গৃহ্যসূত্রে গৃহ
  গোবিন্দ সরকার ৯২
- সমাজমনস্কতা ও 'কুলীনকুলসর্বস্ব'
  গার্গী মজুমদার ৯৬
- A House For Mr. Biswas : A Continuous Endeavour For Establishing Identity In A Culturally Changed Society
  Syed Afzal Hossain ১০১
- ধ্বন্যালোকলোকে ধ্বনে: আনন্দবর্দ্ধন্ : একা সমীক্ষা
  মিয়াঙ্কা দুবে ১০৪
- পুরাতনী 'নাটিকা'-চর্চায় জোড়াসাঁকো - ঠাকুরবাড়ির নবীন প্রগতি
  সমীপেষু দাস ১০৯
- বাঙালির সাহিত্যে 'দেশ' এর অভিজ্ঞা : অস্তিত্বের এক 'বিকল্প' ও 'বিস্তৃত' ইতিহাসকথা
  চয়নিকা ঘোষ, সেমন্তী নিয়োগী ১১৬
- গল্পে গল্পে সমাজবীক্ষণ — দুটি ছোটোগল্প
  অজন্তা চক্রবর্তী ১২১
- The politics of story telling in a colonial setup with special reference to Thakumar Jhuli
  Ritupriya Bhanja ১২৬
- রামায়ণ ও মহাভারতের দুই অদ্বিতীয় নারী চরিত্র : পৃথক গল্পের সমার্থক অনুঘটক
  প্রিয়াসা নন্দী ১৩০
- বাংলা ঐতিহাসিক উপন্যাসের ধারায় : "শাহজাদা দারাশুকো" এক অনন্য সৃষ্টি
  ড. রামশঙ্কর প্রধান ১৩৪
- Puck In Shakespeare's A Midsummer Night's Dream
  Dr. Debashis Mandal ১৪০
- Purchased Terrorism
  Meghna Tribedi ১৪৪
- Environment in the Mahabharata
  Dr. Sumita Mandal ১৪৮
- বিশ্বশান্তি প্রতিষ্ঠায় অদ্বৈতদর্শন প্রসঙ্গ : এক গূঢ়াধ্যয়ণ
  দেবাশীষ কর্মকার ১৫২
- বৈদিকযুগে সমাজ ও নারী : বর্তমান প্রেক্ষিত
  পারমিতা ঘোষ ১৫৬
- মেদিনীপুরের নিমকমহলের দর্পণে বাংলা উপন্যাস
  সৌমী ঘোষ ১৬০
- অস্তিত্ববাদের পরিপ্রেক্ষিতে গল্পকার সঞ্জয় ভট্টাচার্যের মূল্যায়ন
  মিনাল আলি মিয়া ১৬৬
- নাটকে ইয়ংবেঙ্গল
  অনিমেষ দাস ১৭১

- চিলেকোঠার সেপাই : আখ্যানের কাহন ও বাস্তবের নিরিখে ভিন্ন গমক
  সমরেশ মণ্ডল ১৭৬
- পাণিনীয় শিক্ষা — বেদাধ্যয়নের প্রথম সোপান
  অতনু আঢ্য ১৮১
- বিশ্বায়নের প্রভাবে বাংলা ভাষার বিনির্মাণ
  সন্তু মণ্ডল ১৮৬
- মানবিক মূল্যবোধের আলোকে ভবভূতির উত্তরামচরিত
  ঈশানী চৌধুরী ১৮৯
- নবারুণ ভট্টাচার্যের 'কালমন্ ও মোগলাই' গল্পের শৈলী বিচার
  সঞ্জিৎ সরকার ১৯৪
- শাক্তপদাবলির বাল্যলীলা, আগমনী ও বিজয়া পর্যায়ের পদে তৎকালীন বাঙালি মেয়ের যাপনচিত্র
  মুগ্ধ মজুমদার ১৯৯
- বিশ শতকে মহিলা উপন্যাসিকদের কলমে দেশকালের ইতিকথা
  জয়ন্তকুমার রায় ২০৫
- বাংলা প্রকাশনার সূচনাপর্বে প্রকাশিত শিশু-কিশোর সাময়িক পত্র-পত্রিকা
  দোলনচাঁপা গাঙ্গুলি ২১১
- নকশায় চিত্রিত সেকালের কলকাতার জনজীবন
  গোপাল চন্দ্র বাইন ২১৭
- মতি নন্দীর উপন্যাসে (নির্বাচিত) ক্রীড়া ভাবনা ও সমকালীন কলকাতার সমাজ জীবন
  সেখ আজাহারউদ্দিন ২২০
- উনবিংশ শতকে বাংলার নারী শিক্ষা ও প্রগতিতে খ্রীস্টান মিশনারি ও নারীরা
  গোকুল বিশ্বাস ২২৪
- অতিথিদেবা ভব
  পালোপাল্লা অর্পিতা ২২৮
- Ghost Stories in Bengal and Their Importance on Remembrance
  Partha Sarathi Sarkar & Nousheen Khan ২৩৩
- তুলনামূলক গবেষণা রীতিতে সমাজ বিজ্ঞান ও সাহিত্য
  মিলন কুমার রায় ২৩৭
- আধুনিক ভারতীয় অনূদিত তিন বাংলা ছোটগল্পে রাজনৈতিক বাস্তবতা : স্বাধীনতোত্তর চেতনা
  পায়েল হালদার ২৩৯
- শহর কলকাতা ও রবীন্দ্রনাথের উপন্যাস
  ড. অর্পিতা রায় চৌধুরী ২৪৪
- ভারতের জাতীয় শিক্ষা ও রবীন্দ্রনাথ
  ড. হুসনা পরভীন ২৪৯
- সমাজের কাটাছেঁড়া : রমাপদ চৌধুরীর 'পোস্টমর্টেম'
  সুকুমার বর্মন ২৫৪

- Contemporary Reflection of Sukumar Ray's 'Satpatro'
  Dibyasree Mukhopadhyay ২৫৭
- Explicating Laughter in Abol-Tabol
  Debadyuti Karmakar ২৬০
- প্রাচীন ভারতের ইতিহাসে উপায় চতুষ্টয়
  ড. পিনাকী শঙ্কর পান্ডে ও সোমা পান্ডে ২৬৫

বিশ শতকে মহিলা উপন্যাসিকদের কলমে দেশকালের ইতিকথা

জয়ন্তকুমার রায়*

'হায় নারী, এই স্বার্থপর, ইন্দ্রিয়পরায়ণ ও ভণ্ড পুরুষকেই দেবতার আসন দিয়া এতদিন তোমরা পূজা করিয়াছ। যাহারা তোমাদের পূজা চুরি করিয়াছে, আজ তাহাদের মুখ হইতে ভণ্ডামির মুখোশ খসাইয়া দেখ, নীচতা ভিন্ন সেখানে আর কিছু নাই। নারীর চক্ষু এতদিন পরে সত্য দেখিতে পাইয়াছে, তাই পুরুষ ভয় পাইয়াছে। কিন্তু বাঁধন যখন বুঝিয়াছে, তখন নারী তাহা ছেদন করিবেই।'[১]

সাধারণভাবে বিশ শতকের ইংরেজি শিক্ষিত মধ্যবিত্তশ্রেণি আত্মকেন্দ্রিক, পরশ্রীকাতর, স্বার্থ ছাড়া ন্যায়-অন্যায় সম্পর্কে উদাসীন, প্রয়োজন ও অস্তিত্বের দোলাচলতায় অস্থির, মানবিক মূল্যবোধের অনুশীলনে দিশাহারা, বিলাসী জীবনযাপনের প্রতি মোহাবিষ্ট। পারিবারিক-সামাজিক স্তরে রকমারি জীবন-সমস্যা দেখে সংকীর্ণচিত্ত এই মধ্যবিত্তশ্রেণি মরুভূমির বুকে উট পাখির মতোই ঠোঁট গুঁজে দায় এড়িয়ে থাকে। উটপাখির মতো তারা নিজেদের স্বার্থ, ক্ষুধা, কাম, প্রবৃত্তির অনুশীলন ছাড়া সমাজের বৃহত্তর স্বার্থ তথা মঙ্গলের বিষয়ে বিন্দুমাত্র চিন্তা করে না। ভোগ্যপণ্যের আক্রমণে কলকাতার মতো বড় বড় শহরের নাগরিকেরা মহত্তর জীবনের আদর্শ হারিয়ে এলিয়টের "Waste Land" এর মতো যেন আপাত শান্তিকল্যাণ নিয়ে পোড়ো জমির বাসিন্দা। আত্মকেন্দ্রিক মধ্যবিত্তশ্রেণি নিজস্ব বস্তুনির্ভর ভোগ-সুখের তাগিদে শহর এবং শহরতলিতে ভিড় বাড়াচ্ছে রাত-দিন। আধুনিক নগরজীবনের ক্লেদ-গ্লানি-অসুস্থতা, বীভৎসতা, হতাশা, রাক্ষুসে অর্থস্পৃহা, মূল্যবোধের অবক্ষয় মানবসভ্যতাকে বিশ শতকের শুরু থেকেই ভয়ঙ্করভাবে নাড়া দিয়েছে। নগরজীবনের পারিবারিক আবহে যেমন নারীর প্রতি অশ্রদ্ধা, হীনদৃষ্টি, হিংসা ইত্যাদি আদিম ব্যবহার দেখা যায়, তেমনি সামাজিক পরিসরে সুযোগ-সুবিধা,শিক্ষা,চাকরি প্রভৃতি ক্ষেত্রে সমানাধিকারের প্রশ্নে বৈষম্য, বাণিজ্যিক লেনদেন, ভোগের আসক্তি, যান্ত্রিকতা, হৃদয়হীনতা, একাকীত্ব, অবসাদগ্রস্ততা, স্বার্থকেন্দ্রিক পারস্পরিক দ্বন্দ্ব-বিচ্ছেদ ইত্যাদি চিত্র যেমন বিশ শতকের মহিলা উপন্যাসিকদের রচনায় ফুটে উঠেছে, তেমনি নারীর মনস্তত্ত্ব, নারীর বিভিন্ন সমস্যা(নৈতিক-আর্থিক-সামাজিক), শিক্ষিত আত্মচিন্তা-চেতনা সম্পর্কে সচেতন অন্তঃপুরবাসিনীর অবস্থা ও অবস্থানের দ্বন্দ্ব, স্বনির্ভরতার সংগ্রাম প্রভৃতি ঘটনাবলী চিত্রিত হয়েছে তাঁদের উপন্যাসের হরফে হরফে।

দেশকাল সম্পর্কিত এমন জ্যান্ত 'জিজ্ঞাসা-চিহ্নিত' সমস্যাগুলি বিশ শতকে যে সমস্ত নারী উপন্যাসিকদের কলমে শিল্পরূপ লাভ করেছে, তাঁদের মধ্যে উল্লেখযোগ্য হলেন-— স্বর্ণকুমারী দেবী, অনুরূপা দেবী, জ্যোতির্ময়ী দেবী, শৈলবালা ঘোষজায়া, আশাপূর্ণা দেবী, সাবিত্রী রায়, মহাশ্বেতা দেবী, সুলেখা সান্যাল, বাণী বসু, জয়া মিত্র, তিলোত্তমা মজুমদার প্রমুখ।

বিশ শতকের মহিলা উপন্যাসিকদের মধ্যে সর্বাগ্রে যাঁর কথা বিবেচ্য, তিনি হলেন স্বর্ণকুমারী দেবী (১৮৫৬-১৯২৩)। তাঁর উপন্যাসে গ্রামীণ জীবনের চিত্র যেমন পাওয়া যায়, তেমনি নাগরিক জীবনকথাও ধরা পড়েছে। তিনি নাগরিক পরিসরে বসবাসকারী অন্তঃপুরের নারীদের বাস্তব অবস্থা ও অবস্থানকে যুক্তিপূর্ণভাবে ফুটিয়ে তুলেছেন উপন্যাসের কাহিনিতে। বিশ শতকে রচিত তাঁর এই জাতীয় উপন্যাসগুলির মধ্যে 'বিচিত্রা'(১৯২০), 'স্বপ্নবাণী'(১৯২১), এবং 'মিলন-রাত্রি'(১৯২৫) উল্লেখযোগ্য। 'বিচিত্রা' উপন্যাসে রাজা অতুলেশ্বরের পর পর দুটি কন্যা সন্তান হয়েছে। তৃতীয় সন্তান জন্মের পূর্ব-মুহূর্তে পুত্রের আশায় সমস্ত রাজবাড়ী উদ্বেগে, আশায়-উন্মাদনায় আন্দোলিত। কেননা, পুত্রসন্তান জন্মের ওপর নির্ভর করছে রাজ্য অতুলেশ্বরের বংশরক্ষা, কুলরক্ষা, রাজ্যরক্ষা। কিন্তু বাস্তবে রাণীর তৃতীয় প্রসবে পুত্র নয়, আবার কন্যা সন্তান জন্মাল। আর বিমর্ষ ধাত্রী নবজাতককে কোলে তুলে যখন 'কন্যা-সন্তান গো' বলে হা-হুতাশ করতে পাগল, তখন- ' মহারাণীর নিশ্বাস যেন বন্ধ হইয়া পড়িল; নয়ন অশ্রুপূর্ণ হইয়া উঠিল,-- প্রসূতির মুখে গরম দুধ দিতে ভুলিয়া গেলেন। শিশুর রোদনধ্বনি শুনিয়া বারান্দা হইতে উঠিয়া— দ্বার ঠেলিয়া যাহারা সূতিকাগৃহে ঝুঁকিয়া পড়িয়াছিল— তাহারা হা-হুতাশ করিতে করিতে কেহ বসিয়া পড়িল, কেহবা ফিরিয়া গেল ; শঙ্খধ্বনি হুলুধ্বনি সহসা থামিয়া পড়িল।'[২]

---

*সরকার অনুমোদিত আংশিক সময়ের অধ্যাপক, বাংলা বিভাগ, ময়নাগুড়ি কলেজ।